

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
জনপ্রশাসন মন্ত্রণালয়
১ম ১২তলা সরকারি অফিস ভবন (১১তলা)
সেগুনবাগিচা, ঢাকা।
www.bkkb.gov.bd

বিষয় : বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সম্পর্কিত
২০/০৯/২০২১ তারিখের অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:

সভাপতি : এ কে এম ফজলুজ্জোহা, পরিচালক (প্রশাসন)
স্থান : সভাকক্ষ, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
সময় : ২০ সেপ্টেম্বর ২০২১, দুপুর ১২.০০ টা।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট - 'ক' তে দেখানো হলো।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের প্রোগ্রামার ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন।

নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
১.	উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন	একটি নতুন উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের জন্য প্রধান কার্যালয়ের বিভিন্ন শাখা এবং বিভাগীয় কার্যালয়গুলো থেকে নতুন উদ্ভাবনী ধারণা আহবান করা যেতে পারে।	প্রধান কার্যালয়ের বিভিন্ন শাখা ও বিভাগীয় কার্যালয় থেকে নতুন উদ্ভাবনী ধারণা আহবান করে পত্র দিতে হবে।
২.	সেবা ডিজিটাইজেশন	বোর্ডের প্রধান কার্যালয়ে কল্যাণ-যৌথবীমা-দাফন অনুদান কার্যক্রম ডিজিটাইজ (Service Simplification Software) করা হয়েছে। বিভাগীয় কার্যালয়ের কল্যাণ ভাতা, যৌথবীমা, দাফন অনুদান কার্যক্রম ডিসেম্বর, ২০২১ এর মধ্যে ডিজিটাইজেশন করার উদ্যোগ নেয়া হয়েছে। প্রত্যেক বিভাগ থেকে ২ জন করে কর্মকর্তা/কর্মচারী নিয়ে প্রধান কার্যালয়ে Service Simplification Software এর ওপর ২ দিন ব্যাপী ওয়ার্কশপ/প্রশিক্ষণ আয়োজন করে ওয়ার্কশপ থেকে প্রাপ্ত সুপারিশের ভিত্তিতে সফটওয়্যারটি আপডেট করে বিভাগীয় পর্যায়ে বাস্তবায়নের প্রক্রিয়া চলমান রয়েছে।	বোর্ডের বিভাগীয় পর্যায়ে কল্যাণভাতা, যৌথবীমা, দাফন অনুদান কার্যক্রম ডিসেম্বর, ২০২১ এর মধ্যে ডিজিটাইজেশন বাস্তবায়ন করতে হবে।
৩.	সেবা সহজিকরণ	বোর্ডের বিদ্যমান সেবাসমূহের মধ্যে একটি সেবা সহজিকরণের উদ্যোগ নিতে হবে। সিটিজেন চার্টারভুক্ত জন্য জটিল ও ব্যয়বহুল রোগের চিকিৎসা অনুদানের কমিটি পুনর্গঠন করা হয়েছে এবং Service Simplification Software এর ত্রুটি-বিচ্যুতি সমূহ সনাক্ত, যাচাই-বাছাই ও পর্যালোচনা করে সফটওয়্যারের প্রয়োজনীয় আপডেট করা সংক্রান্ত পর্যালোচনা সভার আয়োজন করা হয়েছে।	২৬-০৯-২০২১ তারিখ উক্ত সভা আয়োজিত হয়েছে। সভায় উত্থাপিত ত্রুটি-বিচ্যুতি সমূহ সংশোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৪.	ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনা সভা	বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনা সভা ২৬ আগস্ট ২০২১ তারিখে অনুষ্ঠিত হয়েছে।	সেবা সংক্রান্ত পর্যালোচনা কার্যক্রম প্রতিনিয়ত মনিটরিং এর মাধ্যমে অগ্রগতি অব্যাহত রাখতে হবে।

৫.	ই-নথির ব্যবহার বৃদ্ধি	প্রধান কার্যালয়ে ই-নথির ব্যবহার বৃদ্ধি এবং বিভাগীয় পর্যায়ে ই-নথি ব্যবস্থাপনা চালুর জন্য মোট ৪০ জনকে ই-নথি বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়। বিভাগীয় পর্যায়ে ই-নথি চালু করার জন্য a2i কে পত্র প্রেরণ করতে হবে। a2i কর্তৃক বোর্ডের বিভাগীয় অফিসগুলোকে লাইভ সার্ভারে যুক্ত করা সাপেক্ষে নভেম্বর হতে ই-নথি কার্যক্রম বাস্তবায়নের উদ্যোগ নিতে হবে।	বিভাগীয় পর্যায়ে ই-নথি চালু করার জন্য a2i কে পত্র প্রেরণ করতে হবে।
৬.	তথ্য বাতায়ন হালনাগাদকরণ	জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী বোর্ডের তথ্য বাতায়নে নতুন ২টি সেবাবক্স তৈরি করা হয়েছে এবং প্রতিনিয়ত তথ্যাদি আপলোড করে হালনাগাদ রাখা হয়।	বোর্ডের তথ্য বাতায়ন হালনাগাদ রাখতে হবে।
৭.	কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজিত	কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করার ব্যবস্থা করা হবে।	কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করতে হবে।
৮.	কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত সভা আয়োজিত	সভা আয়োজনের মাধ্যমে কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হচ্ছে।	কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা নির্দেশনা অনুযায়ী বাস্তবায়ন করতে হবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে আলোচনায় অংশগ্রহণ করার জন্য ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(এ কে এম ফজলুজ্জোহা)

পরিচালক (প্রশাসন)

ফোন: ৮৩৯২১২০

ই-মেইল: directoradmin@bkkb.gov.bd